

মুজিববর্ষের অঙ্গীকার
ঘরে ঘরে গ্রন্থাগার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা



...

সভাপতি এ জে এম আব্দুল্লাহেল বাকী
পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ ২৪.০৫. ২০২১
সভার সময় বেলা ১১. ০০ টা
স্থান সভাকক্ষ
উপস্থিতি কর্মকর্তাদের উপস্থিতি (পরিশিষ্ট -ক)


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতপরঃ বার্ষিক কর্মসম্পাদন বাস্তবায়ন টিমের সদস্য-সচিব, লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান) কে সভার আলোচ্যতব্য বিষয় উপস্থাপনের জন্য আহ্বান জানান।

সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	২০২১-২০২২ অর্থবছরের (এপিএ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গণগ্রন্থাগার অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া চূড়ান্ত করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করার লক্ষ্যে মন্ত্রণালয়ের এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোঃ শওকত আলী, যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা ও অডিট) মহোদয়ের সাথে গত ১৮-৫-২০২১ তারিখে অনুষ্ঠিত জুমের মাধ্যমে সভার আলোচনা মোতাবেক সভাপতি কর্মসম্পাদনের সার্বিক চিত্রে: ৩ বছরের অর্জন এ সেকশন -৩ বিষয় কিছু সংশোধন করা হয় এবং ২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনে কিছু যোগ করা হয় যা সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন।	২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার কর্মসম্পাদনের সার্বিক চিত্রে: ৩ বছরের অর্জন এ সেকশন - ৩ এবং ২০২১-২০২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন সংশোধন করতে হবে।	এপিএ (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
০২.	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার সেকশন-২ ও সেকশন-৩	সভায় এপিএ সেকশন-২ ও সেকশন-৩ এ : কর্মসম্পাদনের ক্ষেত্র ২টি সাথে অনলাইন সেবা প্রদানের ক্ষেত্র বা কার্যক্রম হিসেবে প্রতি বছর পুস্তক ক্রয়ের লক্ষ্যে প্রকাশক/লেখকদের কাছ থেকে পুস্তকের তালিকা অনলাইনে সংগ্রহ করা হয় তা নির্ধারণ করা হয়। এ বিষয় সভায় সকলে একমত পোষন করেন।	২০২১-২০২২ এপিএ সেকশন-১ এ : কর্মসম্পাদনের ক্ষেত্র ২টি সাথে অনলাইন সেবা প্রদানের বিষয় যোগ করতে হবে।	এপিএ (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

০৩.	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার সেকশন-৩ নম্বর অর্থাৎ ক্ষেত্রের মান নির্ণয়	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার সেকশন-৩ এ : ক্ষেত্রের মান সর্বনিম্ন ১০ নম্বরের মধ্যে রাখার জন্য পাঠকসেবার মানোন্নয়ন-৫০, প্রাতিষ্টানিক সক্ষমতা বৃদ্ধিকরণ-১০ এবং অনলাইন সেবা প্রদান(পুস্তক ক্রয়)-১০ মোট ৭০ নম্বর নির্ধারণ করার বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়ার সেকশন-৩ এ ক্ষেত্রের মান ৫০+১০+১০ =৭০ করতে হবে।	এপিএ (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
০৪.	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কর্মপরিকল্পনার দায়িত্ব বন্টন	২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা আলাদাভাবে মন্ত্রিপরিষদ বিভাগ প্রণয়ন করায় এ বিষয়টি সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের সাথে সংশ্লিষ্ট থাকায় জনাব মো: শহীদুল আলম, লাইব্রেরিয়ানকে অধিদপ্তরের এপিএ কমিটিতে কো-অপট করে দায়িত্ব দেয়ার বিষয় সভায় সভাপতি কর্তৃক বিস্তারিত আলোচনা হয়।	২০২১-২০২২ অর্থবছরের অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কর্মপরিকল্পনাটি জনাব মো: শহীদুল আলম, লাইব্রেরিয়ানকে অধিদপ্তরের এপিএ কমিটিতে কো-অপট করে দায়িত্ব দেয়া।	এপিএ (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

২। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


এ জে এম আব্দুল্যাহেল বাকী
পরিচালক (যুগ্মসচিব)


স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.১৬.০০৪.১৮.৪০

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮

২৫ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) জুনিয়র লাইব্রেরিয়ান, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৫) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী/জুনিয়র লাইব্রেরিয়ান (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৬) লাইব্রেরি সহকারী, পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি মহোদয়ের সদয় অবগতির জন্য), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৭) রিডিং হল এ্যাসিস্টেন্ট, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর


ফাতেমা খাতুন
লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক